

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
প্রশাসন শাখা
www.doict.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০১৯.২১-৫৯৭

তারিখঃ ২২ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ


বিষয়ঃ আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ 'শেখ রাসেল দিবস' উদযাপন ও করণীয় সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৩/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে প্রতিবছর ১৮ অক্টোবর তারিখ-কে 'শেখ রাসেল দিবস' ঘোষণা এবং উক্ত তারিখকে শেখ রাসেল দিবস হিসেবে পালন/উদযাপনের নিমিত্ত জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২৭/০৯/২০২০ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৫৪২ সংখ্যক পরিপত্রের 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে (সংলাগ-ক)। প্রতিবছর ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস পালনের মাধ্যমে ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থীদেরকে/শিশু-কিশোরদেরকে উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে শিশু-কিশোরদের মাঝে শেখ রাসেলের স্মৃতি অঙ্গান থাকবে। একই সাথে আগামী দিনে বাংলাদেশকে পরিচালনাসহ নেতৃত্ব দানের ক্ষেত্রে শেখ রাসেলের দীপ্ত প্রত্যয়কে হৃদয়ে ধারণ করে তারা উন্নত বাংলাদেশ গড়ার শক্তিতে বলীয়ান হবে। এই লক্ষ্য ও উদ্দেশ্যে আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ জাতীয়ভাবে দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনে শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস প্রতিপাদ্যে ১ম বার শেখ রাসেল দিবস উদযাপন করা হবে। কোভিড-১৯ বিবেচনায় দিবসের কেন্দ্রীয় মূল অনুষ্ঠানটি তথ্য-প্রযুক্তি সহযোগে ভৌত ও ভার্চুয়াল পদ্ধতির সংমিশ্রণে অনুষ্ঠিত হবে।

০২। আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ দিবসের প্রত্যুষে সকাল ০৬.০০ টায় বনানী কবরস্থান এবং সকাল ০৭.০০ টায় স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান প্রাঙ্গণে শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। একই তারিখ সকাল ০৯:৩০ টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি)-এর হল অব ফেম-এ শেখ রাসেল দিবস-এর কেন্দ্রীয় মূল অনুষ্ঠান (উদ্বোধনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান) আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। একই তারিখ ও ভেন্যুতে বেলা ৩:০০ টায় দিবসের প্রতিপাদ্য নির্ভর জাতীয় সেমিনার এবং সন্ধ্যা ০৬:০০ টায় কনসার্ট ফর পিস গ্র্যান্ড জাস্টিস আয়োজন করা হবে। শেখ রাসেল দিবস-এর কেন্দ্রীয় মূল অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এমপি। মূল অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক এমপি। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমৃদ্ধ), ১২টি সিটি কর্পোরেশন, ৩৩০টি পৌরসভা, ৪৫৫৪টি ইউনিয়ন পরিষদসহ সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে দিবসটি একযোগে উদযাপিত হবে। এছাড়াও সামাজিক, সাংস্কৃতিক ও ক্রীড়া সংগঠন শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ এতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবেন। শেখ রাসেল দিবস ২০২১ বর্ণাঢ্যভাবে সাফল্য করার লক্ষ্যে ব্যাপক ব্র্যান্ডিং ও প্রচারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, মূল অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা হবে।

০৩। এমতাবস্থায়, আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ 'শেখ রাসেল দিবস' সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে সার্বিকভাবে প্রস্তুতি গ্রহণের নিমিত্ত সংযুক্ত নির্দেশিকা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে


এ. বি. এম. আরশাদ হোসেন
মহাপরিচালক, অতিরিক্ত সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ফোন (অফিস): +৮৮০ ২ ৪১০২৪০৭২
ইমেইল: dg@doict.gov.bd

বিতরণ :

- ১) বিভাগীয় কমিশনার
ঢাকা/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম
- ২) জেলা প্রশাসক (সকল)
- ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৪) প্রোগ্রামার (জেলা) সকল
- ৫) সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।